# জাতীয় বিশ্ববিদ্যালয়

## মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০১৫-২০১৬

[জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে শুধু চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য]

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট**

**(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)**

## সাধারণ নির্দেশনা

- ▶ **এ ভর্তি কার্যক্রমে আবেদনের জন্য আগ্রহী প্রার্থীকে ১৬ আগস্ট ২০১৭ তারিখ থেকে ২৬ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে** প্রাথমিক আবেদন ফি **বাবদ ৩০০/- (তিনশত)** টাকাসহ **সংশ্লিষ্ট কলেজে ২৮ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ থেকে শুরু হবে।**
- ▶ মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের **Masters tab** সিলেক্ট করে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করতে হবে এবং **website**-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- ▶ মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের **ভর্তি কার্যক্রমে প্রাথমিকভাবে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে।**
- ▶ **আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা ঐ কলেজে আবেদন করে থাকলে ভর্তির জন্য প্রথমে সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য আবেদনকারীদের মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে।**
- ▶ **ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।**
- ▶ **প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**
- ▶ **এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**
- ▶ **জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।**
- ▶ **একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।**

## ১। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির আবেদনের যোগ্যতা

| ক্রমিক নং | ভর্তিচ্ছু কোর্স ও বিষয় | কোর্সের মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ক) | **Masters of Arts (MA)**<br>**Subject:**<br>1) Bangla<br>2) English<br>3) Arabic<br>4) Sanskrit<br>5) Pali<br>6) History<br>7) Islamic History & Culture<br>8) Islamic Studies<br>9) Library and Information Science<br>10) Philosophy | ১ বছর | ▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে শুধু চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।<br>▶ Library and Information Science-এ ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারবে।<br>▶ উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) পরীক্ষায় Anthropology বিষয়ের শিক্ষার্থীরা Sociology বিষয়ে এবং Environmental Science বিষয়ের শিক্ষার্থীরা Geography and Environment বিষয়ে ভর্তি হতে পারবে।<br>▶ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। |
| খ) | **Masters of Social Sciences (MSS)**<br>**Subject:**<br>1) Political Science<br>2) Sociology<br>3) Social Work<br>4) Economics | ১ বছর | |
| গ) | **Masters of Science (MSc)**<br>**Subject:**<br>1) Physics<br>2) Chemistry<br>3) Bio-Chemistry<br>4) Botany<br>5) Zoology<br>6) Soil Science<br>7) Statistics<br>8) Mathematics<br>9) Geography and Environment<br>10) Psychology<br>11) Home Economics | ১ বছর | |
| ঘ) | **Masters of Business Administration (MBA)**<br>**Subject:**<br>1) Marketing<br>2) Finance<br>3) Accounting<br>4) Management | ১ বছর | |

## ২। Online এ আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন<br>(Login) | আবেদনকারীকে **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters tab**-এ গিয়ে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করতে হবে এবং **website**-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। |
| সঠিক লিঙ্গ<br>(Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী **Male/Female** প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে। |
| কলেজ ও বিষয় পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য **(Eligible) বিষয়ে আসন সংখ্যা দেখতে পাবে** এবং উক্ত তালিকা থেকে আবেদনকারী সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয় ও কলেজ পছন্দ নির্ধারণ করে এন্ট্রি দিবে। |

| | |
|---|---|
| **কোটা** | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) /পোষ্য (জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদির জন্য প্রযোজ্য) কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| **ছবি সংযোজন** | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150** pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।<br>**প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল হয়ে যাবে**। |
| **ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| **প্রাথমিক আবেদন ফরম বাতিলকরণ/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন** | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে **Applicant's Login (Masters Reg.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।** |
| **সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক ফরম জমা ও ফি প্রদান** | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। |
| **কলেজের করণীয়** | জমাকৃত সকল আবেদন কলেজ নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন করবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম **online**-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীই ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে প্রার্থী তার মোবাইল ফোনে **SMS** না পেলে বুঝতে হবে যে তার আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের শেষ তারিখের জন্য অপেক্ষা না করে নির্ধারিত তারিখের অন্তত: ০১ (এক) দিন পূর্বে সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করতে হবে। |

### ৩। মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে অধিভুক্ত প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে।<br>বিষয়ভিত্তিক আসন বন্টন | কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি প্রতিষ্ঠান/কলেজে কোটায় ভর্তির আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না।<br>কলেজভিত্তিক আসন বন্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

### ৪। পোষ্য (Ward) কোটায় ভর্তি

**এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। উক্ত কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণপত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। ভর্তির জন্য পোষ্যকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এই আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে ।**

### ৫। ফলাফল ও মেধা তালিকা

**ক) আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা ঐ কলেজে আবেদন করে থাকলে ভর্তির জন্য প্রথমে সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য আবেদনকারীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে।**

খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে বিষয় বরাদ্দ দেয়া হবে।

গ) একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।

ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।

ঙ) প্রতিটি কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এবং SMS (nu<space> atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

<u>মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন পদ্ধতি</u>

| স্নাতক (সম্মান) পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন | স্নাতক (সম্মান) পর্যায়ে প্রাপ্ত জিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|---|
| প্রাপ্ত নম্বর [স্নাতক (সম্মান)] / মোট নম্বর X ১০০ | প্রাপ্ত সিজিপিএ / মোট স্কেল X ১০০ | ১০০ |

### ৬। মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters tab**-এ গিয়ে **Apply Now (Master Reg.)** অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম **website**-এ প্রদর্শিত হবে। |
| আবেদন ফরমের প্রিন্ট | **সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application** অপশনে ক্লিক করলে **একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4** (8.5”x11”) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সংগে আবেদনকারীর <u>**স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি**</u> সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। ভর্তির চূড়ান্ত আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ প্রার্থীকে ফেরত দিবে। |
| চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন | **কলেজ কর্তৃক Online-এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রর্থীকে SMS ও e-mail এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।** এছাড়াও প্রার্থী অনলাইনে Applicant's Login Masters (Reg.) মাধ্যমে তা জানতে পারবে। |

### ৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী <u>**তিনটি কলেজে**</u> আলাদাভাবে বিষয় পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters tab**-এ গিয়ে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম **website**-এ প্রদর্শিত হবে। |
| কলেজ ও বিষয় নির্ধারণ | রিলিজ স্লিপের আবেদন ফরমের **College Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **প্রার্থিত বিষয়** নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুয়ায়ী <u>**তিনটি কলেজে**</u> বিষয় নির্ধারণ করে আবেদন ফরম পূরণ করতে পারবে। |
| আবেদন ফরম চূড়ান্ত করণ | সঠিক তথ্যসহ ফরম পূরণ করে প্রথমে **Save** করে অনলাইনে <u>**Submit**</u> করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম ও বিষয়সহ রিলিজ স্লিপের আবেদন ফরম **website** এ দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4** (8.5”x11”) অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে **আবেদন ফরমটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না।** |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন প্রার্থী তার আবেদন ফরমে কলেজের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চায় তাহলে তাকে Cancel option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিল করতে পারবে এবং নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে।<br>▶ **প্রার্থী রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।** |

| | |
|---|---|
| চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি | প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) **Masters tab**-এ গিয়ে **Applicant's Login Masters (Regular) অপশনে গিয়ে ভর্তির আবেদন ফরম প্রিন্ট করবে।** এই আবেদন ফরমের সংগে শিক্ষার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি **ফি** সংশ্লিষ্ট **কলেজে** নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের** একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |

## ৮। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| সংশ্লিষ্ট কলেজের User ID, Password I One Time Password (OTP) সংগ্রহ | প্রতিটি কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এ্যাড্রেসের এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ | কলেজ প্রার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে।<br>**কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।** |
| প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই | কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক প্রার্থীকে নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।<br>**কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।** |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি | নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant's/Admission Approval (Masters Reg.)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম নিশ্চয়ন না করা হলে সেই প্রার্থীকে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা **website-এ** দেখতে পারবে। |
| ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি প্রার্থী থেকে ২০০ (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

## ৯। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই | কলেজকে ভর্তিকৃত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য তাদের দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর আবেদন ফরমে তথ্যগত **অসংগতি বা ত্রুটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।** |
| প্রার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থান প্রাপ্ত প্রার্থীদের স্ব স্ব বিষয়ে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে।<br>**সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রার্থীর চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন না করা হলে উক্ত প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** |
| চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর ফিসের হার | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি = ৮০০/- (আটশত) টাকা<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি = ২০/- (বিশ) টাকা<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি = ৫/- (পাঁচ) টাকা<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি = ১০/- (দশ) টাকা<br>মোট **= ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা**<br><br>**[শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি = ৭০০/- (সাতশত) টাকা]** |

| | |
|---|---|
| **চূড়ান্ত ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | কলেজ প্রার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি শিক্ষার্থী থেকে ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

**স্বাক্ষরিত/-**

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।*